দৈনিক সংবাদ

19

তারিখ 28 FEB 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

# বিসিএস পরীক্ষার সময়সূচির আংশিক পরিবর্তন

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী এবং খুলনা কেন্দ্রে ২৯ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য ১৭তম বিসিএস পরীক্ষার সময়সূচি অনিবার্য কারণবশত পরিবর্তন করা হয়েছে।

পরিবর্তিত সময়সূচি অনুযায়ী ২৯ ফেব্রুয়ারির অনুষ্ঠিতব্য সাধারণ জ্ঞান 'আন্তর্জাতিক বিষয়াবলী'র পরীক্ষা ২৯ মার্চ শুক্রবার সকাল ৯টা হতে পূর্বনির্ধারিত হলে অনুষ্ঠিত হবে। ২ মার্চ হতে অনুষ্ঠিতব্য অন্যান্য বিষয়ের পরীক্ষা ইতোপূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী যথারীতি অনুষ্ঠিত হবে।

প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে কোন অবস্থাতেই পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এক কেন্দ্রের বা হলের প্রার্থীকেও কোন অবস্থাতেই অন্য কেন্দ্রে বা হলে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে না। খবর তথ্য বিবরণীর।